

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৩৬০

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি

পরিচ্ছেদঃ ১৬৫- বয়োজ্যেষ্ঠ ব্যক্তি বক্তব্য পেশ ও জিজ্ঞাসার সূচনা করবে।

بَابُ يَبْدَأُ الْكَبِينُ بِالْكَلاَمِ وَالسُّوَّالِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ بُشَيْرِ بْنِ يَسَارٍ مَوْلَى الْأَنْصَارِ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، وَسَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ، أَنَّهُمَا حَدَثَا، أَقْ حَدَّثَاهُ، يَسَارٍ مَوْلَى الْأَنْصَارِ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، وَسَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ، أَنَّهُمَا حَدَثَا، أَقْ حَدَّثَاهُ، أَنَّ عَبْدُ اللهِ بْنَ سَهْلٍ، وَمُحَيِّصَةُ بْنَ مَسْعُودٍ، أَتَيَا خَيْبَرَ فَتَفَرَّقَا فِي النَّخْلِ، فَقُتِلَ عَبْدُ اللهِ بْنُ سَهْلٍ، وَحُويِّصَةُ وَمُحَيِّصَةُ ابْنَا مَسْعُودٍ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَتَكَلَّمُوا فِي أَمْرِ صَاحِبِهِمْ، فَبَدأً عَبْدُ الرَّحْمَنِ، وَكَانَ أَصْعُرَ الْقَوْمِ، فَقَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم: النَّرَحْمَنِ، وَكَانَ أَصْعُرَ الْقَوْمِ، فَقَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم: السَّحَقُوا قَتِيلَكُمْ، أَوْ قَالَ: فَتَبْرِئُكُمْ يَهُودُ صَاحِبِهِمْ، فَأَلُوا: يَا رَسُولَ اللهِ، أَمْرٌ لَمْ نَرَهُ، قَالَ: فَتُبْرِئُكُمْ يَهُودُ وَسلم مِنْ قِبَلهِ. وسلم مِنْ قِبَلهِ.

বাংলা

৩৬০। রাফে ইবনে খাদীজ ও সাহল ইবনে আবু হাসমা (রহঃ) বলেন, আবদুল্লাহ ইবনে সাহল ও মুহাইয়়াসা ইবনে মাসউদ (রাঃ) খায়বারে পৌছে এক খেজুর বাগানে তারা পরস্পর পৃথক হয়ে যান। সেখানে আবদুল্লাহ ইবনে সাহল (গুপ্ত ঘাতক দ্বারা) নিহত হন। (এ খবর মদীনায় পৌছলে) সাহলের পুত্র আবদুর রহমান এবং মাসউদের দুই পুত্র হুআইয়়াসা ও মুহাইয়়াসা এ বিষয়ে কথা বলার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসেন। আবদুর রহমান কথা শুরু করলেন। তিনি ছিলেন দলের সর্বকনিষ্ঠ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ বড়োকে অগ্রাধিকার দাও।

রাবী ইয়াহইয়া (রহঃ) বলেন, অর্থাৎ বয়োজ্যেষ্ঠ ব্যক্তিরই প্রথম কথা বলা উচিত। অতএব তারা তাদের সাথীর ব্যাপারে আলাপ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা কি তোমাদের পঞ্চাশ ব্যক্তির



শপথের দ্বারা তোমাদের নিহত ব্যক্তির দিয়াতের দাবিদার হবে? তারা বলেন, ইয়া রাসূলাল্লাহ! এমন একটি বিষয় যা আমরা স্বচক্ষে দেখিনি। তিনি বলেনঃ তাহলে ইহুদীরা তাদের পঞ্চাশ ব্যক্তির শপথের দ্বারা এই খুনের দায় থেকে অব্যাহতি লাভ করবে। তারা বলেন, ইয়া রাসূলাল্লাহ! তারা তো কাফের সম্প্রদায়।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের পক্ষ থেকে নিহত ব্যক্তির দিয়াত পরিশোধের ব্যবস্থা করেন। সাহল (রাঃ) বলেন, দিয়াতের উটগুলোর মধ্যকার একটি উদ্রী আমার ভাগে পড়ে। আমি এদের খোয়াড়ে গেলে সেই উদ্রী আমাকে লাথি মারে (বুখারী, মুসলিম, আবু দাউদ, তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ)।

English

Rafi' ibn Khudayj and Sahl ibn Abi Hathama reported that 'Abdullah ibn Sahl and Muhayyisa ibn Mas'ud came to Khaybar and parted when they were among the palm trees. 'Abdullah ibn Sahl was murdered. 'Abdu'r-Rahman ibn Sahl and Huwayyisa and Muhayyisa, the sons of Mas'ud came to the Prophet, may Allah bless him and grant him peace, and spoke to him about their (murdered) companion. 'Abdu'r-Rahman, the youngest of those present, began to speak, but the Prophet, may Allah bless him and grant him peace, said, "Let the oldest speak first." (or "Exalt the eldest.") They spoke about their companion and the Prophet, may Allah bless him and grant him peace, asked, "Will fifty of you take an oath that you are entitled to the blood-money of your murdered man?" They replied, "Messenger of Allah, this is something which we did not see." He said, "Then will the Jews exonerate themselves by the oaths of fifty of them?" They protested, "Messenger of Allah, they are unbelievers!" So the Messenger of Allah, may Allah bless him and grant him peace, himself paid his blood money."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন